NIS - ২.৪ (৩য় কোয়ার্টার)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা

নম্বর: ২৪.০৬.০০০০.০০০.০১৩.১৪.০০০২.২৪.১৩

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা- ২য় পর্যায় (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পি,আই,সি) সভা।

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা-২য় পর্যায় (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা আগামী ০৫/০৩/২০২৫ তারিখ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় কমিটির আহবায়ক ও মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড মহোদয়ের সভাপতিত্বে বোর্ড প্রধান কার্যালয়, রাজশাহী এর মিনি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রকল্প বাস্তবায়ন কমিটি (পি,আই,সি) এর সকল সম্মানিত সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়:

১. গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়িকরণ।
২. গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৩. প্রকল্পের ফেব্রুয়ারি/২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৪. ২০২৪-২৫ অর্থবছরে প্রকল্পের আওতায় এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৫. বিবিধ।

০৩-০৩-২০২৫
ড. মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)
০২৫৮৮৮৫১৬৮৫
serajbsdb2012@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, আইএমইডি, পরিকল্পনা কমিশন, ঢাকা (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
২। সচিব, অর্থ বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৩। সদস্য, সংশ্লিষ্ট উইং/সেক্টর, পরিকল্পনা কমিশন, (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৪। সদস্য, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।।
৫। প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।।
৬। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।
৭। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ , বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
৮। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
৯। পরিচালক (অর্থ ও পরিকল্পনা), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।।
১০। উপসচিব, পরিকল্পনা ২ অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
১১। পরিচালক (সম্প্রসারণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।।
১২। প্রকল্প পরিচালক, 'বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা ২য় পর্যায় (১ম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা

**"বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা -২য় পর্যায় (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পি,আই,সি) সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | ড. এম. এ. মান্নান<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ০৫/০৩/২০২৫ |
| সভার সময় | ১১.০০ |
| স্থান | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশিত করা হলো। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতিসহ সার্বিক বিষয়ের উপর প্রস্তুতকৃত কার্যপত্র উপস্হাপনের জন্য কমিটির সদস্য-সচিব কে অনুরোধ জানান। সদস্য-সচিব বিগত ২২-০৯-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্হাপন করেন এবং তা পর্যালোচনা করা হয়। অতঃপর উক্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণের জন্য অনুরোধ করেন। সভায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সদস্য সচিব জানান দেশে রেশম চাষ ও রেশম শিল্পের সার্বিক উন্নয়নের লক্ষ্যে প্রকল্পটি পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা কর্তৃক ৩১/১০/২০২৪ ইং তারিখের ২০.০০.০০০০.০০০.১৪.০৫০.২০-৮১ স্মারক এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ০৭/১১/২০২৪ ইং তারিখের ২৪.০০.০০০০.২০৭.১৪.০০০৯.২৪-২৫৩ স্মারকের প্রশাসনিক আদেশে "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা-২য় পর্যায় (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি ৪৪৭০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/২০২১ হতে জুন/২৬ মেয়াদে অনুমোদন পাওয়া গেছে। সভায় প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের শুরু থেকে ফেব্রুয়ারি/২৫ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৬০২.৩০ লক্ষ টাকা। যার আর্থিক অগ্রগতি ৫৮.২২% এবং বাস্তব অগ্রগতি ৬৪%। চলতি ২০২৪-২৫ অর্থবছরে এডিপি নির্ধারণ করা হয়েছে ১০০০.০০ লক্ষ টাকা। ১ম ও ২য় কিস্তির ৪৯৯.০০ লক্ষ (চার কোটি নিরানব্বই লক্ষ) টাকা অবমুক্ত হয়েছে। চলতি অর্থ বছরের ফেব্রুয়ারি/২৫ মাস পর্যন্ত ৪৪৪.২৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যার আর্থিক অগ্রগতি ৪৪.৪২% এবং বাস্তব অগ্রগতি ৫৫%।

প্রকল্প পরিচালক জানান, "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা-২য় পর্যায় (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের অর্থায়নে চলতি ২০২৪-২৫ অর্থবছরে ২২৬ জন রেশম চাষী/উদ্যোক্তাদের ২২৬ বিঘা জমিতে তুঁতচারা রোপণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। রোপিত তুঁতচারার টপকাটিংস সম্পন্ন হয়েছে। বর্তমানে ১২০ বিঘা তুঁতবাগান রক্ষণাবেক্ষণ করা হচ্ছে; প্রকল্পের অর্থায়নে সুবিধাভোগীদের পলুপালন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ফার্মিং পদ্ধতিতে ২২৬ জন এবং বিদ্যমান ও পুরাতন ৪০০ জনসহ সর্বমোট (২২৬+৪০০) = ৬২৬জন রেশম চাষীদের মাঝে ডালা,চন্দ্রকী,ঘড়াকাঠি ও সুতার জাল প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। এ পর্যন্ত ফার্মিং পদ্ধতিতে ৮২ জন এবং বিদ্যমান ও পুরাতন ২৫০ জনসহ সর্বমোট (৮২+২৫০) = ৩৩২জন রেশম চাষীদের মাঝে ডালা,চন্দ্রকী,ঘড়াকাঠি ও সুতার জাল প্রদানের লক্ষ্যে টেন্ডার কার্যক্রম চলমান; ২২৬ জন রেশম চাষী/উদ্যোক্তাকে ২২৬টি পলুঘর নির্মাণে আর্থিক সহায়তা সচ্ছতার ভিত্তিতে মোবাইল ফাইন্যান্সিং সার্ভিস (বিকাশ/রকেট/নগদ) এর মাধ্যমে প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। এ পর্যন্ত ৮২ জন রেশম চাষী/উদ্যোক্তার ৮২টি পলুঘর নির্মাণ কার্যক্রম চলমান; তুঁতচারা উৎপাদনের জন্য ১০০ বিঘা জমিতে তুঁতকাটিংস রোপণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। বর্তমানে তুঁতচারার উচ্চতা ১২-১৫ ইঞ্চি এবং ৪১টি ব্যাচে (৪১×২৫)=১,০২৫ জন রেশম চাষী/উদ্যোক্তাকে পলুপালন প্রশিক্ষণ ও আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত দক্ষ শ্রমিক/মাঠকর্মীদের ৬টি ব্যাচে (৬×২০)=১২০জনকে TOT প্রশিক্ষণসহ সর্বমোট (৪১+৬)= ৪৭ টি ব্যাচে (১০২৫+১২০)= ১,১৪৫ জন রেশম চাষী/উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করা হবে। এ পর্যন্ত ২৪ টি ব্যাচে ৬০০ জন রেশম চাষী/উদ্যোক্তাকে পলুপালন প্রশিক্ষণ ও আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত দক্ষ শ্রমিক/মাঠকর্মীদের ৩টি ব্যাচে ৬০ জনকে TOT প্রশিক্ষণসহ সর্বমোট (২৪+৩)= ২৭টি ব্যাচে (৬০০+৬০)=৬৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং বর্তমানে ১টি ব্যাচে ২৫ জন রেশম চাষী/উদ্যোক্তাকে পলুপালন প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়া চলতি অর্থ বছরে রেশম চাষীদের দ্বারা উৎপাদিত ২২,০০০ কেজি রেশম গুটি ন্যায্য মূল্যে রেশম চাষীদের নিকট হতে ক্রয় করার লক্ষ্যমাত্রা রয়েছে। এ পর্যন্ত ৮,৮১০ কেজি রেশম গুটি ন্যায্য মূল্যে রেশম চাষীদের নিকট হতে ক্রয় করা হয়েছে। বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী চলতি অর্থবছরের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা হবে।

পরিকল্পনা কমিশনের, একনেক ও সমন্বয় বিভাগের উপপ্রধান জনাব জেসমিন আরা, বলেন প্রকল্পের সার্বিক অগ্রগতি ৫৮.২২% অবশিষ্ট কার্যক্রম আগামী অর্থবছরে শেষ হবে কিনা? এর প্রেক্ষিতে প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের গুরুত্বপূর্ণ/প্রধান কার্যক্রসমুহ চলতি বছরে শেষ হবে। অবশিষ্ট কিছু কার্যক্রম থাকবে যা আগামী অর্থবছরে শেষ হবে।

আইএমইডি এর সহকারী পরিচালক জনাব হেলাল খান জানান রেশম চাষীদের মাস ভিত্তিক প্রশিক্ষণ সিডিউল বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পাশাপাশি আইএমইডিতে প্রেরণ করা প্রয়োজন। এছাড়া রেশম বোর্ডের নিয়মিত কার্যক্রম রাজস্ব বাজেটে অন্তর্ভুক্তির বিষয়ে আলোচনা করেন। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান প্রশিক্ষণের সিডিউল তৈরীপূর্বক বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পাশাপাশি আইএমইডিতে প্রেরণ করা হবে।

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (পরিকল্পনা) জনাব মোঃ জাহিদ হোসেন বলেন, প্রশিক্ষণের সহায়তার অর্থ মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে পরিশোধ করা যায় কিনা এবং প্রশিক্ষণার্থীদের মোবাইল নম্বর এর পাশাপাশি এনআইডি নম্বর সংরক্ষণ করতে হবে। এর প্রেক্ষিতে প্রকল্প পরিচালক জানান, পলুঘর নির্মাণ ও তুঁতচারা রোপন সহায়তা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (নগদ/রকেট/বিকাশ) এর মাধ্যমে পরিশোধ করা হচ্ছে। প্রশিক্ষণার্থীদের মোবাইল নম্বর এবং এনআইডি সংরক্ষণ করা হবে। প্রশিক্ষণ ভাতা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে পরিশোধ করা যায় কিনা তা বিবেচনা করা হচ্ছে।

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের উপসচিব (পরিকল্পনা) ড. মুহাম্মদ মুখলেছুর রহমান, বলেন চলতি অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে। তিনি আরো বলেন বোর্ডের দাখিলকৃত দুটি প্রকল্পের অনুমোদনের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ে খোজ খবর নিতে হবে।

সভায় প্রকল্প পরিচালক জানান, বোর্ডের সম্প্রসারণ বিভাগের প্রধান সম্প্রসারণ কর্মকর্তা কমিটির সদস্য অপরদিকে তিনি নিজে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করছেন। কাজেই প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সম্প্রসারণ বিভাগের উপপরিচালক, (বীজ) জনাব মোঃ আতিকুর রহমানকে পিআইসি কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা হলে প্রকল্পের কার্যক্রম আরও নিবীড়ভাবে মনিটরিং ও তদারকি করা সম্ভব হবে।

সভাপতি চলতি অর্থবছরে প্রকল্পের নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:-

**সিদ্ধান্ত:**

(১) চলতি ২০২৪-২৫ অর্থ বছরে প্রকল্পের কার্যক্রমের লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের জন্য কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।

(২) প্রকল্পের অর্থায়নে রেশম চাষীদের মাস ভিত্তিক প্রশিক্ষণ সিডিউল প্রস্তুত করে বস্ত্রও পাট মন্ত্রণালয় এবং আইএমইডিতে প্রেরণ করতে হবে।

(৩) চলতি ২০২৪-২৫ অর্থ বছরে প্রকল্পে এপিএ এর নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ বাস্তবায়ন করতে হবে ।

(৪) বোর্ডের সম্প্রসারণ বিভাগের উপপরিচালক জনাব মোঃ আতিকুর রহমানকে পিআইসি কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হলো।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি তথা মহাপরিচালক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ৫-৩-২৫ পিআইিইসি হাজিরা_0001

২০-০৩-২০২৫
ড. এম. এ. মান্নান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
০২৫৮৮৮-৫৫৮১৬
bsb.raj.bd@gmail.com

তারিখ: ৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২০ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ২৪.০৬.০০০০.০০০.০১৩.১৪.০০০২.২৪.১৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়।
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩। প্রধান সংশ্লিষ্ট উইং/সেক্টর,, পরিকল্পনা কমিশন।
৪। প্রধান, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫। প্রধান, (সংযুক্ত) এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ।
৬। যুগ্ম সচিব, পরিকল্পনা অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
৭। উপসচিব, পরিকল্পনা অধিশাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
৮। পরিচালক, অর্থ ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।
৯। পরিচালক সম্প্রসারণ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।
১০। প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) ও প্রকল্প পরিচালক, সম্প্রসারণ নিয়ন্ত্রণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।
১১। নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।
১২। পি,এ -টু-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।।

২৪-০৩-২০২৫
ড. মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)

হাজিরা

# বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
## রাজশাহী

০৫/০৩/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা-২য় পর্যায় (১ম সংশোধিত)" শীর্ষক উন্নয়ন প্রকল্পের পিআইসি সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থা | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | এম. এ. মান্নান পিএইচ-ডি পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) | BSDB | 01712101391 | |
| ২. | মোহাম্মদ আবদুল বারী পরিচালক (সম্প্রসারণ) | BSDB | 01913252847 | |
| ৩. | মো: জাহিদ হোসেন যুগ্ম সচিব (পরিকল্পনা) | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০১৭১২২৪২৪৮২ | |
| ৪. | ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান উপ সচিব (পরিকল্পনা) | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০১৮১১৭১৮২৮৫ | |
| ৫. | মো: রুহুল আমিন উপ সচিব | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | ০১৭১৬১২২১২২ | মোঃ রুহুল আমিন উপসচিব অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ স |
| ৬. | মোমিন আরা উপ প্রধান | এনইসি, উন্নয়ন প্ল্যানিং কমিশন | ০১৭১৮২১৪০০২ | |
| ৭. | মো: রহমান খান সহকারী পরিচালক | আইএমইডি প্ল্যানিং কমিশন | ০১৭১৭৬৫৪৬১০ | Shuloda Afini ৫/৩/২৫ |
| ৮. | মো: লুৎফর রহমান তালুকদার নির্বাহী প্রকৌ: | BSDB. | 01558352800 | ৫/৩/২৫ |
| ৯. | মো: মাহবুবুর রহমান প্রকল্প পরিচালক | বারেউবো | ০১৭২২৫২২৬৬ | |
| ১০. | মো: আতিকুর রহমান উপপরিচালক | বারেউবো | ০১৭২২০৬০৮০৭ | ৫/৩/২৫ |
| ১১. | মোহাম্মদ সাইফুল্লাহ | ঐ | ০১৭১৪১১২১৭৭ | ০৫/০৩/২০২৫ |
| ১২. | ড. মো: মিজানুর রহমান উপ প্রধান পরিকল্পনা | বারেউবো | ০১৭১১৪৬৫৪০ | ৫/৩/২৫ |
| ১৩. | মোসা: ফাতেমা জহুরা পরিসংখ্যান কর্মকর্তা | বারেউবো/রাজ | 01731291959 | ৫/৩/২৫ |
| ১৪. | মো: [illegible] P.A. to DG | বা. রে. উ. বো. | 01557163930 | |
| ১৫. | মো: রুবেল কম্পিউটার অপারেটর | বারেউবো | 01710-359280 | ৫/৩/২০২৫ |

C:\Users\ASUA\Downloads\পিআইসি উপস্থিত হাজিরা.doc

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থা | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৬. | মোহাম্মদ আবুল ফজল PA to Finance | বারেউবো | 01798664564 | ০৫/০৬/২৫ |
| ১৭. | মো: মোমিনুল ইসলাম | বারেউবো | ০১৭৪২-৮৬৬২৪৭ | ০৫/০৬/২৫ |
| ১৮. | মো: মেহেদী হাসান | বারেউবো | 01722-301790 | MHasan ০৫/০৬/২৫ |
| ১৯. | ড. মুহা: মুখলেসুর রহমান উপসচিব | খাদ্য ও ত্রাণ মন্ত্র: | 01816713285 | ০৫/০৬/২৫ |
| ২০. | মোসাঃ জেসমীন আরা উপসচিব এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ পরিকল্পনা বিভাগ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | নকে/নক | 01718-214002 | Jesmin |
| ২১. | | | | |
| ২২. | | | | |
| ২৩. | | | | |
| ২৪. | | | | |
| ২৫. | | | | |